



বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তির শর্তাবলী

১. বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
২. অবিবাহিত হতে হবে।
৩. বয়স ২২ বছরের নিচে হতে হবে।
৪. জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে।
৫. এসএসসি ও এইচএসসি / সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে।
৬. এসএসসি ও এইচএসসি / সমমান পরীক্ষায় অবশ্যই জীববিজ্ঞান থাকতে হবে।
৭. এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০২০ ও ২০২১ইং সালে ও এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ ২০২২ ও ২০২৩ইং সালে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৮. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষাসমূহে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ থাকতে হবে। উল্লিখিত পরীক্ষাসমূহের কোনটিতেই জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।
৯. মুক্তিযোদ্ধা কোটায় সরকারী আইন প্রযোজ্য হবে: মুক্তিযোদ্ধার সন্তান/ নাতী/ নাতনীর ক্ষেত্রে সংরক্ষিত আসনের জন্য প্রার্থীর পিতা/মাতা, দাদা/দাদী কিংবা নানা/নানীর মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী / সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ইং সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতীক্ষাকরিত সনদ থাকতে হবে।
১০. উপজাতি কোটার ক্ষেত্রে প্রার্থীদের নিজ এলাকার পৌরসভার মেয়র / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত উপজাতি সনদ থাকতে হবে।
১১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার জন্য মৌখিক ও মেডিক্যাল ফিটনেস পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
১২. লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও CGPA এর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
১৩. বিএসসি ইন নার্সিং কোর্সে উত্তীর্ণ হওয়ার পর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ৬ (ছয়) মাস ইন্টার্নী করতে এমন অঙ্গীকার নামা দাখিল করতে হবে।
১৪. বিশ্ববিদ্যালয়ের যথাযথ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে শর্ত সাপেক্ষে এই বিশ্ববিদ্যালয়ে ৩ (তিন) বছর চাকুরী করতে হবে।
১৫. কোর্সে ভর্তি হওয়ার সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে এবং সেগুলো কোর্স চলাকালীন সময় বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত থাকবে।

অধ্যাপক ডাঃ দেবব্রত বনিক

ডীন, নার্সিং অনুষদ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

শাহবাগ, ঢাকা।